# খ বিভাগ — শিশুর বিকাশ ও সামাজিক সম্পর্ক



## চতুর্থ অধ্যায়
## পরিবার ও সমাজের সদস্য হিসাবে শিশু

### অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **আত্মনির্ভরশীল হওয়ার জন্য কিসের প্রয়োজন?**
(ক) অন্যের বিপদে এগিয়ে আসা (খ) নিরাপদ পরিবেশে বসবাস
● বছরের পর বছর শিক্ষা (ঘ) অপরের ওপর নির্ভরশীলতা

২. **সমবয়সীদের সাথে মেলামেশার ফলে শিশুর মধ্যে গড়ে উঠে—**
i. আত্মবিশ্বাস ii. সহযোগিতার মনোভাব
iii. পারস্পরিক শ্রদ্ধাবোধ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও iii ● ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
রুমা ও কণা দুই বোন। প্রত্যেকে যেন নিজের কাজ নিজে করে এ ব্যাপারে তাদের মা তাদের উৎসাহিত করেন। রুমা ৭ম শ্রেণির এবং তার বোন কণা ৬ষ্ঠ শ্রেণির ছাত্রী। রুমা প্রায়ই তার বোনের বই, কাপড় ও বিছানা গুছিয়ে দিয়ে থাকে।

৩. **রুমার মাঝে কোন ধরনের মনোভাব লক্ষ করা যায়।**
● সহযোগিতার (খ) শৃঙ্খলাবোধের (গ) নেতৃত্বদানের (ঘ) সমবেদনার

৪. **রুমার আচরণ কণাকে পরবর্তী সময়ে করে তুলবে**
i. কর্মে অনাগ্রহী ii. পরনির্ভরশীল iii. অন্যের প্রতি সহমর্মী
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ● i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

### অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

#### পাঠ ১ : পরিবার ও সমাজে শিশু ■ পৃষ্ঠা-৩২

##### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. **শিশু কীভাবে বড় হয়?** (অনুধাবন)
● খুব ধীরে ধীরে (খ) তাড়াতাড়ি (গ) দ্রবত (ঘ) খুব তাড়াতাড়ি

৬. **মা-বাবা, ভাইবোন ও অন্যান্য সদস্য নিয়ে কোন প্রতিষ্ঠান গড়ে ওঠে?** (জ্ঞান)
(ক) সম্প্রদায় (খ) বিদ্যালয় ● পরিবার (ঘ) সমিতি

৭. **মুন্নার বোনের বয়স ৭ দিন। সে কেমন প্রকৃতির?** (প্রয়োগ)
● পরিনির্ভরশীল (খ) চঞ্চল (গ) সাহসী (ঘ) বোকা

৮. **জন্মের পর থেকে সমবয়সীদের সাথে মেলামেশার পূর্ব পর্যন্ত শিশু সঙ্গ পায় কিসের মাধ্যমে?** (সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা)
(ক) প্রতিবেশী (খ) আত্মীয় (গ) কাজের লোক ● পরিবার

৯. **কীভাবে শিশু পরিবারের গুরুত্বপূর্ণ সদস্য হয়ে ওঠে?** (উচ্চতর দক্ষতা)
● পরিবারের সাথে সম্পৃক্ত হয়ে (খ) উপার্জন করে
(গ) সকলের কথা মতো চলে (ঘ) কথা কম বলে

১০. **কয়েকটি পরিবার নিয়ে কী গঠিত হয়?** [লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
(ক) সম্প্রদায় ● সমাজ (গ) রাষ্ট্র (ঘ) গোত্র

১১. **আদিম যুগে মানুষ দল বেঁধে থাকত কেন?** (অনুধাবন)
(ক) ভালোভাবে থাকার জন্য (খ) সমাজ গঠনের জন্য
(গ) ভালো সম্পর্কের জন্য ● আত্মরক্ষার জন্য

১২. **শিশুর জন্য প্রাথমিক কিছু গুরুত্বপূর্ণ দায়িত্ব কাকে গ্রহণ করতে হয়?** (জ্ঞান)
(ক) রাষ্ট্রকে (খ) শিক্ষককে (গ) প্রতিবেশীকে ● পরিবারকে

##### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩. **শিশুরা পরিবারের গুরুত্বপূর্ণ সদস্য হয়ে যায়—** (অনুধাবন)
i. পরিবারের ছোটখাটো কাজে অংশগ্রহণ করে ii. পরিবারের সাথে সম্পৃক্ত হয়ে
iii. নিজের মতামত দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

১৪. **সঠিক ও গ্রহণযোগ্য আচরণ নিয়ে শিশু বেড়ে উঠলে—** (অনুধাবন)
i. সমাজের মঙ্গল হয় ii. সমাজ ক্ষতিগ্রস্ত হয় iii. দেশের মঙ্গল হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii ● i ও iii (ঘ) i, ii ও iii

১৫. **লোপা তার পরিবারের যেমন একজন সদস্য, তেমনি সমাজেরও একজন সদস্য। কারণ—** (উচ্চতর দক্ষতা)
i. পরিবার ও সমাজ একে অপরের ওপর নির্ভরশীল
ii. সমাজ পরিবারকে সহায়তা করে
iii. সমাজের সহযোগিতা ছাড়া পরিবারের একার পক্ষে চলা সম্ভব নয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

১৬. **আদিম যুগে আত্মরক্ষার জন্য মানুষ দলবেঁধে থাকতে শুরু করে। এর প্রভাবে—** (উচ্চতর দক্ষতা)
i. সমাজ জীবনের শুরু হয় ii. বন্ধুভাবাপন্ন পরিবেশ সৃষ্টি হয়
iii. একে অন্যের সহযোগিতায় এগিয়ে আসে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

১৭. **সমাজের গ্রহণযোগ্য আচরণ হলো—** (অনুধাবন)
i. নিয়ম শৃঙ্খলা মেনে চলা ii. সকলের সাথে ভালো ব্যবহার করা
iii. সহযোগিতা করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii ● i, ii ও iii

##### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রতিটি শিশু সমাজের ক্ষুদ্র এককে জন্মগ্রহণ করে এবং বেড়ে ওঠে। এ ক্ষুদ্র একককেই শিশু খাদ্য, বস্ত্র ও নিরাপত্তা লাভ করে।

১৮. **অনুচ্ছেদে বর্ণিত সমাজের ক্ষুদ্র একক কোনটিকে ?** (প্রয়োগ)
● পরিবার (খ) গোষ্ঠী (গ) সম্প্রদায় (ঘ) সংঘ

১৯. **সমাজের উক্ত ক্ষুদ্র একক—** (উচ্চতর দক্ষতা)
i. সহযোগিতার মনোভাব তৈরি করে ii. শৃঙ্খলার শিক্ষা দেয়
iii. অনৈতিক কাজে উদ্বুদ্ধ করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

#### পাঠ ২ : পারিবারিক পরিবেশের ভূমিকা ■ পৃষ্ঠা-৩৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. **বড়দের সাথে মেলামেশায় শিশুর কী বাড়ে?** (জ্ঞান)
ক মেধা  খ যোগ্যতা  গ দক্ষতা  ● আত্মবিশ্বাস

২১. **যে কোনো কাজে উৎসাহ ও প্রশংসায় শিশুর কী বাড়ে?** (জ্ঞান)
ক জ্ঞান  খ বুদ্ধি  ● দক্ষতা  ঘ প্রজ্ঞা

২২. **শিশুর ভালোমন্দের অভ্যাস তৈরি হয় কোথা থেকে?** (জ্ঞান)
● পরিবার  খ বিদ্যালয়  গ ক্লাব  ঘ পাঠাগার

২৩. **৫ বছর বয়সী সাবিহা কারো সাথে কথা গুছিয়ে বলতে পারে না। তার মাঝে ভাষাগত সমস্যা রয়েছে। সাবিহার ভাষা দক্ষতা বৃদ্ধির জন্য কোনটি প্রয়োজন?** (প্রয়োগ)
ক উপন্যাস পড়া  খ কৌতুক পড়া
গ ব্যাকরণ অধ্যয়ন  ● গান, ছড়া, গল্প শোনানো

২৪. **শিশুকে সঠিকভাবে পরিচালনার অন্যতম কৌশল হিসেবে নিচের কোনটি অধিক যুক্তিযুক্ত?** (উচ্চতর দক্ষতা)
● শিশুর সাথে ইতিবাচক আচরণ করা  খ শিশুর সাথে নেতিবাচক আচরণ করা
গ শিশুকে বিভিন্ন জায়গায় বেড়াতে নিয়ে যাওয়া
ঘ শিশুর সাথে খেলাধুলা করা

২৫. **শিশুকে সঠিকভাবে পরিচালনার জন্য কেমন নীতি অনুসরণ করা উচিত?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
● শিশু পরিচালনা নীতি  খ কঠোর শাসন নীতি
গ রক্ষণশীল নীতি  ঘ শিক্ষানীতি

২৬. **শিরিন তার ছেলেকে বিভিন্ন দক্ষতা বিকাশের জন্য উৎসাহ দিয়ে থাকেন। তার পরিবারে কোন পরিবেশ বিরাজমান?** (প্রয়োগ)
ক বন্ধুভাবাপন্ন পরিবেশ  খ সৃজনশীল পরিবেশ
গ কার্যকর পরিবেশ  ● উন্নত পরিবেশ

২৭. **শিশুর আচরণের ভিত্তি কোনটি?** [এস ও এস হারম্যান মেইনার স্কুল এন্ড কলেজ, ঢাকা]
● পরিবারের শিক্ষা ও যত্ন  খ প্রতিবেশীর সহযোগিতা
গ আত্মীয়স্বজনের সাহচর্য  ঘ শিক্ষকের আদেশ

২৮. **নাফিসা তার পরিবার থেকে যে রকম শিক্ষা ও যত্ন পেয়ে থাকবে তার মধ্যে সে রকম আচরণের ভিত্তি তৈরি হবে। এক্ষেত্রে কোন সময়ের শিক্ষা ও যত্ন গুরুত্বপূর্ণ?** (প্রয়োগ)
● জীবনের প্রথম পাঁচ বছরের  খ আট থেকে দশ বছরের
গ দশ থেকে বারো বছরের  ঘ বারো থেকে চৌদ্দ বছরের

২৯. **নিচের কোনটি শিশুর বিকাশে বাধা সৃষ্টি করে?** [বিএন কলেজ]
ক শিশুকে খেলার সুযোগ দেওয়া  খ বাইরে বেড়াতে নিয়ে যাওয়া
● নেতিবাচক কথা বলা
ঘ সমবয়সীদের সাথে মেলামেশা করতে দেওয়া

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০. **শিশুর সাথে যে ধরনের আচরণ করা ঠিক নয় তাহলো—** (অনুধাবন)
i. এটা কোরো না ii. ওটা কোরো না
iii. তোমাকে দিয়ে কিছু হবে না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৩১. **পরিবারের সব সদস্য থাকা সত্ত্বেও যুথী নিরাপত্তাহীনতায় ভুগছে। যুথীর অধিক নিরাপত্তার জন্য প্রয়োজন—** (প্রয়োগ)
i. মায়ের সঙ্গ  ii. বাবার সঙ্গ
iii. সমবয়সীদের সঙ্গ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ ii ও iii

৩২. **শিশুর প্রথম এবং গুরুত্বপূর্ণ শিক্ষক হিসেবে অধিক যুক্তিযুক্ত হলো—** (উচ্চতর দক্ষতা)
i. মা  ii. বাবা  iii. পরিবারের সদস্যরা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৩৩. **উন্নত পারিবারিক পরিবেশে —** [এসওএস হারমেইন মেইনার কলেজ, বগুড়া]
i. একে অপরের সাথে সমস্যা নিয়ে আলোচনা করা হয়
ii. শিশুর প্রশংসা করা হয়
iii. অন্য শিশুদের সাথে মেলামেশার সুযোগ দেওয়া হয় না
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জাহানারা বেগম প্রায়ই তার ৬ বছর বয়সী মেয়ে নাসিমাকে বলেন, এটা কোরো না, ওটা কোরো না, তোমাকে দিয়ে কিছু হবে না।

৩৪. **জাহানারা বেগমের আচরণের সাথে শিশুদের প্রতি কিরূপ আচরণের সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ক ইতিবাচক  ● নেতিবাচক  গ কাঙ্ক্ষিত  ঘ অনাকাঙ্ক্ষিত

৩৫. **নাসিমার ক্ষেত্রে নিচের যে আচরণটি অধিক যুক্তিযুক্ত—** (উচ্চতর দক্ষতা)
i. তুমিও পারবে  ii. চেষ্টা কর  iii. তুমি পারলে ভালো বলব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

# পাঠ ৩ : শিশুর বিকাশে পরিবারের ভূমিকা ■ পৃষ্ঠা-৩৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৬. **বিকাশ অর্থ কী?** (জ্ঞান)
● গুণগত পরিবর্তন  খ উদ্ভাবন  গ সূচনা  ঘ শেষ

৩৭. **নিচের কোনটি শিশুর বুদ্ধিবৃত্তিক বিকাশ?** (জ্ঞান)
ক শ্বাস-প্রশ্বাস  খ হৃদস্পন্দন  গ খাদ্য গ্রহণ  ● স্মরণশক্তি

৩৮. **শিশুর সব ধরনের বিকাশে প্রথম ও দীর্ঘস্থায়ী ক্ষেত্র কোনটি?** (জ্ঞান)
ক বিদ্যালয়  খ সমাজ  ● পরিবার  ঘ হাসপাতাল

৩৯. **মায়ের হাসি, মায়ের কণ্ঠস্বর শিশুর মধ্যে কী সৃষ্টি করে?** (জ্ঞান)
● আনন্দের অনুভূতি  খ দুঃখ  গ কান্না  ঘ কষ্ট

৪০. **শিশুরা কেমন হয়ে থাকে?** (জ্ঞান)
ক বেয়াদব  ● অনুকরণপ্রিয়  গ বদমেজাজী  ঘ ঝগড়াটে

৪১. **মা-সন্তানের সম্পর্ক কীভাবে শুরু হয়?** (অনুধাবন)
ক মা ডাকার মধ্য দিয়ে  ● শিশুকে দুধ খাওয়ানোর মধ্য দিয়ে
গ স্নেহের মধ্য দিয়ে  ঘ ভালোবাসার মধ্য দিয়ে

৪২. **ক্রোধ বা রাগ, ভয়, উদ্বেগ, হিংসা এগুলো নিচের কোনটিকে সমর্থন করেছে?** (জ্ঞান)
ক শারীরিক বিকাশ  খ মানসিক বা বুদ্ধিবৃত্তীয় বিকাশ
● আবেগীয় বা সামাজিক বিকাশ  ঘ ধর্মীয় বিকাশ

৪৩. **পরিবারে শিশুরা নিজেদেরকে বেশি নিরাপদ মনে করে কেন?** (অনুধাবন)
● বাবা শিশুকে সঙ্গ ও সময় দেয় বলে
খ বাবা শিশুকে বাইরে বেড়াতে নিয়ে যায় বলে
গ পরিবারে মা থাকে বলে
ঘ একজনের প্রয়োজনে পরিবারের সদস্যরা এগিয়ে আসে বলে

৪৪. **একটি পরিবারে প্রত্যেক সদস্যের সাথে সুসম্পর্ক বজায় থাকার ফলে কী হতে পারে?** (উচ্চতর দক্ষতা)
● উন্নত পারিবারিক পরিবেশ সৃষ্টি  খ পরিবারে অশান্তি
গ ভাইবোনের মধ্যে ঈর্ষা  ঘ আক্রমণধর্মী আচরণ

৪৫. **শিশুর সামাজিক বিকাশের অন্তর্ভুক্ত কোনটি?** [লক্ষ্মীপুর সর. বালিকা উচ্চ বিদ্যালয়]
ক ভয়  খ স্মরণশক্তি  গ হৃদস্পন্দন  ● সমবেদনা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. **বাবা-মায়ের স্নেহের অভাবে শিশুদের ওপর যে ধরনের প্রভাব পড়ে তাহলো—** (অনুধাবন)
i. শারীরিক, মানসিক উভয় ধরনের ক্ষতি হয়  ii. বয়সানুযায়ী ওজন বাড়ে না
iii. কাজে আগ্রহ হারায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪৭. **রীপা উন্নত পারিবারিক পরিবেশে বেড়ে উঠেছে। তার সাথে যে বিষয়টি সামঞ্জস্যপূর্ণ—** (প্রয়োগ)
i. সে ইতিবাচক আচরণ করে  ii. তার আত্মবিশ্বাস বাড়ে
iii. তার শারীরিক, মানসিক ও সামাজিক বিকাশ ঘটে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪৮. **একটি শিশু জীবনের যে কোনো কঠিন পরিস্থিতিতে সহজেই খাপ খাওয়ানোর ক্ষমতা অর্জন করে—** (উচ্চতর দক্ষতা)
i. ভাইবোনের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হলে

ii. ভাইবোনের যে কোনো সমস্যার কথা খোলাখুলি আলোচনা করলে
iii. ভাইবোন একে অপরকে সঙ্গ দিলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৪৯. **পরিবারে বিশৃঙ্খলা এবং অশান্তি আসার যথার্থ কারণ হলো–** (উচ্চতর দৰতা)
i. ভাইবোনে ঈর্ষাii. অন্যজন অপেৰা নিজেকে বড় মনে করা
iii. একে অন্যেকে ঘৃণা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫০ ও ৫১ নং প্রশ্নের উত্তর দাও :**
মিথুন তিন ভাইবোন। একসাথে খেলাধুলা করে, একে অপরের সমস্যা নিয়ে খোলামেলা আলোচনা করে। তাদের বাবা অফিস থেকে ফিরে তাদের পড়াশোনা দেখিয়ে দেন এবং ছুটির দিনে ঘুরতে নিয়ে যান।

৫০. **অনুচ্ছেদে উল্লিখিত ভাইবোনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কারণে তারা কোন ক্ষমতা অর্জন করবে?** (প্রয়োগ)
● যেকোনো পরিস্থিতিতে খাপ খাওয়ানোর ৰমতা
খ প্রতিযোগিতা করার ৰমতা
গ ঝগড়া করার ৰমতা
ঘ নিজেকে বড় মনে করার ৰমতা

৫১. **বাবার সঙ্গ পাওয়ার কারণে মিথুন ও তার ভাইবোনেরা–** (উচ্চতর দৰতা)
i. নিজেদের নিরাপদ মনে করবে
ii. তাদের আচরণগত সমস্যা কম হবে
iii. তাদের শারীরিক বিকাশ বাধাগ্রস্ত হবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ ii ও iii  গ i ও iii  ঘ i, ii ও iii

# পাঠ ৪ : শিশুর বিকাশে সমাজের ভূমিকা ■ পৃষ্ঠা – ৩৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫২. **ছাত্রছাত্রীদের পরিবার ও সমাজের উপযুক্ত সদস্য হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?** (জ্ঞান)
● স্কুল  খ সংঘ  গ হাসপাতাল  ঘ পরিবার

৫৩. **জ্ঞান বিতরণে মুখ্য ভূমিকা রাখেন কে?** (জ্ঞান)
ক বাবা  খ মা  ● শিৰক  ঘ চিকিৎসক

৫৪. **শিক্ষক রাবেয়া বেগম বললেন, পরিবারের একার পক্ষে চলা খুব কঠিন। এ কথাটি নিচের কোনটিকে সমর্থন করে?** (প্রয়োগ)
● প্রতিবেশী ও আত্মীয়স্বজনের সাহায্য দরকার
খ পরিবার একাই চলতে পারে
গ পরিবারে সহযোগিতার প্রয়োজন নেই
ঘ পরিবারে সদস্যদের সাথে ভালো ব্যবহার করা

৫৫. **পরিবারের পরেই কৈশোরের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?** (রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা, বিএন কলেজ ঢাকা)
বিদ্যালয় শিৰক খ প্রতিবেশী  ● সমবয়সী দল  ঘ আত্মীয়স্বজন

৫৬. **সামাজিক বিভিন্ন দক্ষতা শেখার জন্য কৈশোরে ছেলেমেয়েরা কাদের সাথে মিশে থাকে?** (আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা)
ক মা–বাবা  খ ভাইবোন  ● সময়বয়সী দল  ঘ প্রতিবেশী

৫৭. **মা বাবার সাথে সন্তানের সম্পর্কের জটিলতা সৃষ্টি হয় কাদের প্রাধান্য বিস্তারে?** (জ্ঞান)
● সমবয়সীদের  খ আত্মীয়স্বজনেরগ প্রতিবেশীদের  ঘ শিৰকের

৫৮. **জরুরি পরিস্থিতিতে কাদের সাহায্য শিশুর বিকাশকে এগিয়ে নিয়ে যায়?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা]
● আত্মীয় স্বজন খ সমবয়সী দল  গ শিৰক  ঘ ভাইবোন

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৯. **স্কুলের প্রতি শিশুর ইতিবাচক মনোভাব তৈরি হয়–** (অনুধাবন)
i. শিশুর প্রতি শিৰকের প্রশংসায়
ii. শিশুকে ভালো ফলাফল করতে উৎসাহী করায়
iii. শিশুকে নিয়মিত স্কুলে আসতে বলায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৬০. **শিশুর স্নেহ, ভালোবাসা, উপদেশ ও পরামর্শের প্রয়োজন হয়–** (অনুধাবন)
i. পারিবারিক বিপর্যয়ের সময়  ii. যে কোনো মতবিরোধের ৰেত্রে
iii. অসুস্থ হলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii


৬১. **আত্মীয়ের সাথে সন্তানের খোলাখুলি আলোচনার ফলাফল হতে পারে–** (উচ্চতর দৰতা)
i. বিপদকে মোকাবিলা করতে শেখে  ii. বিশৃঙ্খল আচরণ কম হয়
iii. হতাশা কম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

৬২. **সামাজিক দক্ষতার বিকাশ ঘটে–** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম]
i. খেলাধুলা করে  ii. বন্ধুদের সংস্পর্শে  iii. নিজের বুদ্ধি দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৬৩. **তপু দলীয় খেলায় যেসব দক্ষতা অর্জন করে তা হলো–** (প্রয়োগ)
i. ভাষার বিকাশ  ii. নেতৃত্বের গুণাবলি  iii. সিদ্ধান্ত গ্রহণের ৰমতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের ছকটি লক্ষ কর এবং ৬৪ ও ৬৫ নং প্রশ্নের উত্তর দাও :**




৬৪. **ছকের '?' চিহ্নিত স্থানে নিচের কোনটি বসবে?** (প্রয়োগ)
ক বাবা  ● শিৰক  গ সহপাঠী  ঘ প্রতিবেশী

৬৫. **উল্লিখিত ব্যক্তি ছেলেমেয়েদের বুদ্ধিবৃত্তীয় ও নৈতিকতা বিকাশে সহায়তা করেন –** (উচ্চতর দৰতা)
i. পাঠ্যবইয়ের বিষয়বস্তু বুঝিয়ে দিয়ে ii. ভালো আচরণে উৎসাহিত করে
iii. প্রশংসা করার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
কর্মব্যস্ত স্বামী ও দুই সন্তান সুমন ও সুমনাকে নিয়ে রেবেকার সংসার। রেবেকা সন্তানদের সাথে বন্ধুর মতো ভাব বিনিময় করেন। সমবয়সীদের সাথে তাদের সহযোগী মনোভাব তৈরিতে রেবেকা সক্রিয় ভূমিকা রাখেন। সুমন ও সুমনার বাবা শত কর্মব্যস্ততার মধ্যেও তাঁর সন্তানদের সময় দেন ও তাদের বিনোদনের জন্য বিভিন্ন ঐতিহাসিক স্থানে ও পার্কে বেড়াতে নিয়ে যান।

ক. পরিবার কী?
খ. দেশের সুনাগরিক তৈরিতে সমাজের নিয়মনীতি অনুসরণ প্রয়োজন কেন?
গ. সন্তানদের প্রতি রেবেকার আচরণ শিশুর কোন ধরনের বিকাশে সহায়ক? বুঝিয়ে লেখ।
ঘ. উদ্দীপকে উলিৱখিত পরিবেশ শিশুদের সুস্থ বিকাশের সহায়ক? বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো।

**▸◂ ১নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. একটি বাড়িতে সাধারণত মা–বাবা, ভাই–বোন আরও অন্যান্য সদস্য একসাথে থাকার যে প্রতিষ্ঠান সেটি হলো পরিবার।

খ. সমাজের নিয়মনীতি অনুসরণ করলে সকলের গ্রহণযোগ্যতা অর্জন করা যায়। সমাজের নিয়মশৃঙ্খলা ঠিক থাকে। শিশুদের ছোটবেলা হতে নিয়মনীতি অনুসরণ করালে তারা সবার সাথে ভালো ব্যবহার করবে, সহযোগিতা করবে ও দেশের সম্পদ সংরবণ করতে শিখবে।

গ. সন্তানদের প্রতি রেবেকার আচরণ শিশুর সামাজিক বিকাশে সহায়ক। কেননা তিনি সন্তানদের সাথে বন্ধুর মতো ভাব বিনিময় করেন। সমবয়সীদের সাথে তাদের সহযোগী মনোভাব তৈরিতে সক্রিয় ভূমিকা রাখেন। এর মাধ্যমে শিশুরা গ্রহণযোগ্য সামাজিক আচরণ করতে শেখে। সামাজিক বিকাশের মধ্যে রয়েছে সহযোগিতা, পরোপকার, সমবেদনা, অংশগ্রহণ, নিঃস্বার্থ হওয়া ইত্যাদি। শিশুরা পরিবার থেকেই এ ধরনের আচরণগুলো শিখে। রেবেকা সন্তানদের সাথে বন্ধুর মতো থাকেন বলে সন্তানেরা প্রয়োজনীয় বিষয়গুলো তাকে বলতে পারে। এসব কর্মকাণ্ডের মধ্য দিয়ে রেবেকা তার সন্তানদের সমাজের গ্রহণযোগ্য আচরণ শেখাতে ও সমাজের গুরবত্বপূর্ণ সদস্য হিসেবে গড়ে তুলতে সহায়তা করেছেন।

ঘ. সুমন ও সুমনার গৃহের পরিবেশ তাদের সুস্থ বিকাশে সহায়ক। শিশুর সব ধরনের বিকাশের প্রথম ও দীর্ঘস্থায়ী কেন্দ্র হলো পরিবার। শিশুর সুষ্ঠু বিকাশের জন্য ভালোবাসপূর্ণ সহযোগিতাময় পরিবেশ প্রয়োজন। রেবেকা সন্তানদের সাথে বন্ধুর মতো মেশেন। সমবয়সীদের সাথে সহযোগী মনোভাব তৈরিতে সাহায্য করেন। এতে করে সন্তানদের সামাজিক বিকাশ ত্বরান্বিত হয়। তারা পরস্পরকে সহযোগিতা করতে শেখে, নিয়ম মেনে চলতে শেখে। তাছাড়া সুমন ও সুমনার বাবা তাদের সময় দেওয়ার পাশাপাশি ঐতিহাসিক স্থানে ও পার্কে বেড়াতে নিয়ে যান। ফলে তাদের শারীরিক, আবেগীয় ও মানসিক বিকাশ হয়। দর্শনীয় স্থানে গিয়ে তারা অনেক কিছু শিখতে পারে। তাদের বুদ্ধিগত পরিবর্তন হয়। মনোযোগ ও স্মারণশক্তি বৃদ্ধি পায়। আনন্দ উলৱাসের মধ্যে দিয়ে তারা কিছু সময় কাটাতে পারে। তাছাড়া দৌড়ঝাঁপ, ঘোরাঘুরির ফলে শরীর ও মন দুটোই ভালো থাকে। সুতরাং বলা যায়, উদ্দীপকে উলিৱখিত পরিবেশ শিশুদের সুস্থ বিকাশে সহায়ক– বক্তব্যটি সঠিক ও যথার্থ।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

৭ম শ্রেণিতে পড়ুয়া রনি তার সহপাঠীদের সাথে লেখাপড়ার পাশাপাশি বিভিন্ন বিষয়ে আলোচনা করে। রনি তার বন্ধুদের নিয়ে তার এলাকাকে দূষণমুক্ত করতে সবুজ সংঘ নামে একটি সংঘ তৈরি করে। রনি ও তার বন্ধুরা এলাকাবাসীর সহায়তায় এলাকার ময়লা নির্দিষ্ট জায়গায় ফেলার জন্য কয়েকটি বড় ড্রামের ব্যবস্থা করে। রনি ও তার বন্ধুদের দ্বারা পরিচালিত 'সবুজ সংঘ' এলাকার উন্নয়নের জন্য নানা ধরনের কাজ করে যা সবার কাছে প্রশংসিত হয়। রনির মা রনিকে এ ব্যাপারে সব সময় উৎসাহ দেন।

ক. শিশুকে সঠিকভাবে পরিচালনার অন্যতম কৌশল কী?
খ. ভাইবোনের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রয়োজন কেন?
গ. উদ্দীপকে উলিৱখিত কাজের মাধ্যমে রনির চরিত্রের কোন গুণটি বিকশিত হয়েছে– ব্যাখ্যা করো।
ঘ. মায়ের উৎসাহ ও ভালো সঙ্গের প্রভাব রনিকে আজ সুপরিচিত করেছে– উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো।

### ২নং প্রশ্নের উত্তর

ক. শিশুকে সঠিকভাবে পরিচালনার অন্যতম কৌশল হচ্ছে শিশুর সাথে ইতিবাচক আচরণ করা।

খ. ভাইবোনের মাঝে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হলে একজন অপরজনকে সঙ্গ দেয়, ভাগাভাগি করতে শেখে, যে কোনো সমস্যার কথা খোলাখুলি আলোচনা করতে পারে। এভাবে সে জীবনের যে কোনো কঠিন পরিস্থিতিতে সহজেই খাপ খাওয়ানোর ৰমতা অর্জন করে। তাই ভাইবোনদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রয়োজন।

গ. উদ্দীপকে উলিৱখিত কাজের মাধ্যমে রনির চরিত্রে নেতৃত্বদানের গুণটি বিকশিত হয়েছে। সামাজিক বিভিন্ন দৰতার জন্য সমবয়সীর সাথে মেলামেশা দরকার হয়। এর ফলে শিশু সহযোগিতা ও গ্রহণযোগ্য সামাজিক আচরণ করতে শেখে। উদ্দীপকে রনি তার সহপাঠীদের নিয়ে নেতৃত্বদানের মাধ্যমে এলাকার উন্নয়নে কাজ করছে। এলাকাকে দূষণমুক্ত রাখতে সবুজ সংঘ নামে একটি সংঘ তৈরি করেছে। এ সকল ইতিবাচক কাজের মাধ্যমেই রনি সকলের প্রশংসা অর্জন করতে পেরেছে। তার মাধ্যমে অন্যরাও উৎসাহী হচ্ছে। এলাকাবাসীও সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। এভাবেই কাজের মধ্য দিয়ে রনি তার নেতৃত্বদানের ৰমতাটি বিকশিত করতে পেরেছে।

ঘ. উদ্দীপকের রনির মা রনিকে ভালো কাজে উৎসাহ দিয়েছেন, এ জন্য সে আজ সুপরিচিত। পরিবারের মা–বাবা শিশুর প্রথম ও গুরবত্বপূর্ণ শিৰক। তারা শিশুর সবরকম ভালো অভ্যাস তৈরিতে সহায়তা করেন। পরিবার থেকে যদি শিশু ভালো কাজের উৎসাহ পায় তবে শিশু ভালো কাজ করতে শিখে। সমবয়সীদের সাথে মেলামেশার ফলে শিশুরা সহযোগিতা ও গ্রহণযোগ্য সামাজিক আচরণ শিখে। রনি ৭ম শ্রেণির ছাত্র। সে লেখাপড়ার পাশাপাশি বন্ধুদের সাথে অনেক বিষয়ে আলোচনা করে। রনি তার এলাকাকে দূষণমুক্ত করতে চায়। তাই সে তার বন্ধুদের নিয়ে 'সবুজ সংঘ' প্রতিষ্ঠা করে। তারপর থেকে সবাই একটি নির্দিষ্ট জায়গায় ময়লা ফেলে। এলাকার সবাই তাদের প্রশংসা করে। রনির মা এ ব্যাপারে রনিকে সবসময় উৎসাহ দিতেন।

অতএব, উপর্যুক্ত আলোচনায় প্রতীয়মান হয় যে, মায়ের উৎসাহ ও ভালো সঙ্গের প্রভাব রনিকে আজ সুপরিচিত করেছে– কথাটি সঠিক ও যথার্থ।



## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রীতার মা রীতার নিরাপত্তার ব্যাপারে বেশ সচেতন। রীতাকে তিনি সঠিক আচরণ ও নিয়মনীতি শিৰা দেন। কারণ তিনি মনে করেন পরিবারই শিশুর প্রাথমিক শিৰাকেন্দ্র। তিনি রীতাকে পরিবারিক আলোচনায় সিদ্ধান্ত গ্রহণ, মতামত প্রদানের সুযোগ দেন।

[বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম]

ক. শিশুর বিকাশে প্রথম ও দীর্ঘস্থায়ী ৰেত্র কোনটি? ১
খ. শিশুর সুস্থ বিকাশে মায়ের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. রীতা কীভাবে গৃহে প্রাধান্য বিস্তার করে বর্ণনা কর। ৩
ঘ. "রীতার পরিবাই তার প্রাথমিক শিৰাকেন্দ্র"– উদ্দীপকের আলোকে বক্তব্যটির যথার্থতা আলোচনা কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. শিশুর বিকাশে প্রথম ও দীর্ঘস্থায়ী ৰেত্র হচ্ছে পরিবার।

খ. শিশুকে দুধ খাওয়ানোর মধ্য দিয়ে মা ও সন্তানের সম্পর্কের শুরব হয়। মায়ের হাসি, মায়ের কণ্ঠস্বর শিশুদের মধ্যে আনন্দের অনুভূতি সৃষ্টি করে। মায়ের সাথে যোগাযোগের জন্য সন্তানের

জন্মগত চাহিদা থাকে। যে মা সন্তানের যত্ন আনন্দের সাথে সম্পন্ন করেন তিনিই সন্তানের সুস্থ বিকাশে সহায়ক।

গ. শিশুকে পরিবারের বিভিন্ন কাজে অংশগ্রহণ করতে দিলে শিশু সহজেই আত্মনির্ভরশীল হতে পারে। রীতাকে তার মা পারিবারিক আলোচনায় সিদ্ধান্ত গ্রহণ ও মতামত প্রকাশ করার সুযোগ দেন। এজন্য সে গুরবত্বপূর্ণ সিদ্ধান্তে অংশগ্রহণ করতে পারে। আর এভাবেই রীতা তার গৃহে প্রাধান্য বিস্তার করে। জন্মের পর পরিবারের সাথে শিশুর একটি সম্পর্ক তৈরি হয়। বড় হওয়ার সাথে সাথে এই সম্পর্ক পরিবর্তন হতে থাকে। সে নিজের কাজ নিজে করতে পারে, নিজের মতামত দিতে পারে, পরিবারের ছোটখাটো কাজে অংশ নিতে পারে। পরিবারের সাথে সম্পৃক্ত হয়ে শিশুরা পরিবারের একজন গুরবত্বপূর্ণ সদস্য হয়ে যায় এবং প্রধান্য বিস্তার করে। উদ্দীপকে বর্ণিত রীতাও এভাবেই গৃহে প্রাধান্য বিস্তার করে।

ঘ. রীতার পরিবারই তার প্রাথমিক শিৰাকেন্দ্র–এই বক্তব্যটি যথার্থ। কারণ পরিবার থেকেই শিশু সহযোগিতা করা, অন্যকে বিপদে সাহায্য করা ইত্যাদি গুণাবলি আয়ত্ত করে। শিশুদের জন্য পরিবারকে কিছু গুরবত্বপূর্ণ কাজ গ্রহণ করতে হয়। যেমন, শিশুকে নিরাপত্তার অনুভূতি দেওয়া গ্রহণযোগ্য সামাজিক আচরণ শেখানো ইত্যাদি। রীতার মা রীতার নিরাপত্তার ব্যাপারে বেশ সচেতন। এছাড়া তিনি রীতাকে সঠিক আচরণ করা ও পারিবারিক, সামাজিক নিয়মনীতি শিৰা দেন। কারণ এভাবেই পরিবারের মাধ্যমে সে সমাজে সঠিক আচরণ করতে পারবে। আবার তার পরিবারই তাকে মতামত প্রদান, সিদ্ধান্ত গ্রহণে সমর্থন দেয়। এভাবেই সে তার পরিবার থেকে বিভিন্ন শিৰা লাভ করে। তাই আমি মনে করি, রীতার জন্য তার পরিবারই প্রাথমিক শিৰাকেন্দ্র।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নেহালের পরিবার সর্বদা সমাজের রীতিনীতি মেনে চলতে তাকে সচেতন করে। তারা তাকে সমাজের গ্রহণযোগ্য আচরণগুলো শিৰা দেন। নেহালের প্রতিবেশী ও আত্মীয়স্বজনরা যেকোনো বিপদ ও দুর্যোগে সাহায্যের হাত বাড়িয়ে দেন। তার প্রতিবেশীরা মাসে একবার সকলে মিলে খোলাখুলি আলোচনায় বসেন।

ক. মানব শিশু কী অবস্থায় জন্ম নেয়? ১
খ. শিশুর মানসিক চাপ বেড়ে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ২
গ. দেশের কল্যাণে অবদান রাখতে নেহালের পরিবার তাকে কী শিৰা দেয় বর্ণনা কর। ৩
ঘ. নেহালের প্রতিবেশীদের নেওয়া পদৰেপের যথার্থতা মূল্যায়ন করো। ৪

## ৪নং প্রশ্নের উত্তর

ক. মানব শিশু অসহায় অবস্থায় জন্ম নেয়।

খ. শিশুরা সবসময় উৎসাহ পেতে চায়। কিন্তু শিৰকের দেওয়া শারীরিক শাস্তি বা শাস্তির ভয় শিশুর মনে আতঙ্ক তৈরি করে। এর ফলে শিৰককে স্বতঃস্ফূর্তভাবে প্রশ্ন করতে পারে না এবং তার মানসিক চাপ বেড়ে যায়।

গ. পরিবার শিশুর জন্য প্রাথমিক শিৰাকেন্দ্র। শিশু যেমন পরিবারের একজন সদস্য তেমনি সমাজ ও রাষ্ট্রের একজন সদস্য। শিশুকে সমাজের উপযুক্ত সদস্য হিসেবে গড়ে তোলার জন্য পরিবারকে শিশুর জন্য প্রাথমিক কিছু গুরবত্বপূর্ণ কাজ করতে হয়। এর মধ্যে সামাজিক আচরণ শেখানো অন্যতম। প্রত্যেক সমাজে কিছু নিয়মনীতি থাকে। পরিবার এসব নিয়মনীতি অনুযায়ী শিশুকে আচরণ করতে শেখায়। উদ্দীপকে নেহালের পরিবারও দেশের কল্যাণে অবদান রাখতে তাকে সকলের সাথে ভালো ব্যবহার, নিয়মশৃঙ্খলা মেনে চলা, সহযোগিতা ইত্যাদি গ্রহণযোগ্য আচরণ শেখায়। উপরোক্ত আচরণগুলো অনুশীলনের মাধ্যমে নেহালও পরিবার ও সমাজের গুরবত্বপূর্ণ সদস্য হয়ে দেশের কল্যাণে ভূমিকা রাখতে পারে।

ঘ. নেহালের প্রতিবেশীদের নেওয়া পদৰেপ যথার্থ বলে আমি মনে করি। কেননা নেহালের প্রতিবেশীরা যেকোনো বিপদে সাহায্য করার জন্য সবসময় এগিয়ে যায়। দুর্যোগপূর্ণ অবস্থায় সহযোগিতা করে। প্রতিবেশী ছাড়া যে কোনো পরিবারের একার পৰে চলা কঠিন। পাশাপাশি কতকগুলো পরিবার নিয়েই প্রতিবেশী গঠিত হয়। এরা নানা ধরনের সহযোগিতার পাশাপাশি জরবরি পরিস্থিতিতে সাহায্যের ৰেত্রে অনন্য ভূমিকা রাখে। অনেক সময় এমন পরিস্থিতি আসে যখন প্রতিবেশীর সাহায্যের প্রয়োজন হয়। যেমন : পারিবারিক বিপর্যয়, যেকোনো ধরনের মতবিরোধ, পারিবারিক দুর্ঘটনায় প্রতিবেশীর প্রয়োজন হয়। নেহালের প্রতিবেশীরা সবসময় সকল ধরনের সমস্যা মোকাবিলায় মাসে একবার আলোচনা সভার আয়োজন করে। ফলে সবাই খোলামেলাভাবে তাদের সমস্যা আলোচনা করে সমাধান করতে পারে। তাই বলা যায়, নেহালের প্রতিবেশীদের নেওয়া পদৰেপ সম্পূর্ণরূ পে যথার্থ।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নূরজাহানের পরিবারে কারও সাথে কারো ঝগড়াঝাঁটি হয় না। সকলের সাথে সকলের সুসম্পর্ক রয়েছে। সবাই অবসরে একসাথে গল্পগুজব করে। তার পরিবার শিশু পরিচালনা নীতি অনুসরণ করে চলে। তার বাবা শত ব্যস্ততার মধ্যেও তাকে মাঝে মাঝে বিভিন্ন জায়গায় বেড়াতে নিয়ে যায়।

ক. কারা সবসময় উৎসাহ পেতে চায়? ১
খ. শিশুর শারীরিক বিকাশ বলতে কী বোঝ? ২
গ. নূরজাহানের পরিবার কোন পরিবেশের অধিকারী দেখাও। ৩
ঘ. উদ্দীপকে উলিরখিত নূরজাহানের বাবার কর্মকান্ড মূল্যায়ন কর। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

ক. শিশুরা সবসময় উৎসাহ পেতে চায়।

খ. শিশুর শারীরিক বিকাশ বলতে শিশুর দেহের আকার, আকৃতি, অনুপাত, চেহারা, শারীরবৃত্তীয় কাজ, ইন্দ্রিয় ও সঞ্চালন দৰতা, হাঁটা, দৌড়ানো, শারীরিক স্বাস্থ্য ইত্যাদিকে বোঝায়।

গ. উদ্দীপকে উলিরখিত নূরজাহানের পরিবার উন্নত পরিবেশের অধিকারী। যে পরিবারের প্রত্যেক সদস্যের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক থাকে, যেখানে যে কোনো অভিজ্ঞতা বা সমস্যা একে অপরের সাথে আলোচনা করা যায়, একে অন্যের বিপদে ভালো পরামর্শ দেয়, এবং সহযোগিতা করে এবং ঝগড়াঝাঁটি হয় না সে পরিবারকে উন্নত পরিবেশের অধিকারী বলা হয়। এ পরিবারে বিকাশের জন্য প্রয়োজনীয় উপাদান থাকে, বড় সদস্যরা ছোট শিশুর সাথে খেলাধুলায় অংশ নেয়। শিশুদেরকে গান, গল্প, ছড়া শোনানো হয়। কৌতূহল মেটানোর জন্য বাইরের পরিবেশে শিশুদেরকে নিয়ে যাওয়া হয়। শিশুর বিভিন্ন প্রশ্নে বিরক্ত না হয়ে যেভাবে সম্ভব বুঝিয়ে দেওয়া হয়। এছাড়াও এ পরিবারে শিশুর সঠিকভাবে পরিচালনার জন্য শিশু পরিচালনা নীতি অনুসরণ করা হয়। উলিরখিত বৈশিষ্ট্যগুলো উদ্দীপকের নূরজাহানের পরিবারের মধ্যে পাওয়া যায়। সুতরাং বলা যায়, নূরজাহানের পরিবারটি উন্নত পরিবেশের অধিকারী।

ঘ. পরিবার যখন শিশুকে বাড়ির বাইরের পরিবেশে নিয়ে যায়, তাদের বিভিন্ন কৌতূহল মেটায়, সমবয়সীদের সাথে খেলার সুযোগ করে দেয়, শিশুরা তখন সহজেই সকলের সাথে মেলামেশা করার ৰমতা অর্জন করে। শিশুদের লালন পালন ও যত্নে মায়ের পাশাপাশি বাবার ভূমিকা অত্যন্ত গুরবত্বপূর্ণ। যেসব পরিবারে বাবা শিশুকে সঙ্গ দেন, ভাব বিনিময় করেন, সেখানে শিশুরা নিজেদেরকে বেশি নিরাপদ মনে করে। তাদের মধ্যে সামাজিক ও আচরণগত সমস্যা কম হয়। বড়দের সাথে মেলামেশায় শিশুর আত্মবিশ্বাস বাড়ে।

উদ্দীপকে উলিরখিত নূরজাহানের বাবা তাকে মাঝে মাঝে বিভিন্ন জায়গায় বেড়াতে নিয়ে যান। এর ফলে তার মানসিক বিকাশ ঘটবে। তাই বলা যায় যে, নূরজাহানের বাবার কর্মকান্ড সঠিক ও যথার্থ।

**প্রশ্ন –৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

দিপু ও ফয়সাল দুজন বন্ধু। দিপু খুব ভালো ছাত্র। সে সবার সাথে বন্ধুসুলভ আচরণ করে। তার মা বাবা ও পরিবারের সাথে সম্পর্ক অতি ঘনিষ্ঠ। অপরদিকে ফয়সাল পরীৰায় খারাপ করে আর বাবা–মা তাকে এজন্য সব সময় বকাঝকা করে এবং দিপুর মতো হতে বলে।

ক. শিশুর সাথে বন্ধন গড়ে তোলার ৰেত্রে কে সবচেয়ে গুরবত্বপূর্ণ ব্যক্তি? ১

খ. পরিবারের সদস্যরা শিশুর প্রথম এবং গুরবত্বপূর্ণ শিৰক বুঝিয়ে লেখ। ২

গ. দিপুর পারিবারিক পরিবেশের ভূমিকা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের ফয়সালের মা–বাবার আচরণের মূল্যায়ন কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

ক. শিশুর সাথে বন্ধন গড়ে তোলার ৰেত্রে মা সবচেয়ে গুরবত্বপূর্ণ ব্যক্তি।

খ. শিশুর সুস্থ বিকাশের জন্য উন্নত পারিবারিক পরিবেশ গুরবত্বপূণ। শিশুরা অনুকরণ প্রিয়। পরিবারের সদস্যরা শিশুর সামনে যে আচরণ করে শিশুরাও সে আচরণ করতে উদ্বুদ্ধ হয়। তাই পরিবারের সদস্যরা শিশুর প্রথম ও গুরবত্বপূর্ণ শিৰক।

গ. দিপু খুব ভালো ছাত্র। সে সবার সাথে বন্ধুসুলভ আচরণ করে। তার মা বাবা ও পরিবারের সবার সাথে সম্পর্ক অতি ঘনিষ্ঠ। এই আচরণগুলো সে পরিবার থেকেই রপ্ত করেছে। আমরা জানি শিশুরা জীবনের প্রথম বছরগুলোতে পরিবার থেকে যে যত্ন শিৰা পেয়ে থাকে তার মধ্যে সে আচরণের ভিত্তি তৈরি হয়। পারিবারিক পরিবেশ থেকেই দিপু বন্ধুসুলভ আচরণ শিখেছে। এছাড়াও সে নিয়মিত পড়ালেখা করে ও ভালো রেজাল্ট করে। তার এই ভালো রেজাল্ট করার পিছনেও পরিবারের ভূমিকা রয়েছে। একটি শিশুর সঠিক বিকাশের জন্য সঠিকভাবে পরিচালনা করা প্রয়োজন হয়। দিপুর সঠিক পরিচালনার পেছনে পারিবারিক পরিবেশের অবদান রয়েছে।

ঘ. দিপু ও ফয়সাল বন্ধু। দিপু ভালো রেজাল্ট করে আর ফয়সাল প্রায়ই পরীৰা খারাপ করে। এজন্য ফয়সালের বাবা, মা সবসময় তাকে বকাঝকা করে ও দিপুর মতো হতে বলে। পরিবারে যে শিশুকে প্রশংসা করা হয়, শিশুর বিভিন্ন দৰতা বিকাশের জন্য উৎসাহ প্রদান করা হয় সে পরিবারের শিশুর বিকাশ সঠিক হয়। অথচ ফয়সালের পরিবারের সদস্যদের আচরণ ঠিক তার উল্টো। শিশুকে বকাঝকা না করে ইতিবাচক আচরণ করতে হবে। তাকে অন্যের সাথে তুলনা না করে তার সম্পর্কে ইতিবাচক ধারণা দিতে হবে। এ ধরনের ইতিবাচক ধারণা তার বিকাশকে ত্বরান্বিত করবে। এৰেত্রে ফয়সালের মা বাবার আচরণ পরিবর্তন করে ফয়সালের দৰতা বিকাশে উদ্বুদ্ধ করা উচিত। তাকে ইতিবাচকভাবে পরিচালনা করা উচিত। উপরোক্ত আলোচনার প্রেৰিতে বোঝা যায় যে ফয়সালের মা বাবার আচরণ তার সুষ্ঠু বিকাশের অন্তরায়।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৭ ▸** অরিন ও সাদিয়া ৭ম শ্রেণিতে পড়ে। তারা দুজন বান্ধবী। সাদিয়া ক্লাসের অন্য বন্ধুদের সাথে মিশলে অরিন তা পছন্দ করে না। সে অন্যদের সাথে ঝগড়া করে তাই সহপাঠীরা তাকে পছন্দ করে না। সাদিয়া অরিনকে নেতিবাচক আচরণের কুফল সম্পর্কে বোঝালো। সাদিয়ার প্রেরণায় অরিন ইতিবাচক আচরণে উৎসাহিত হয়।

ক. বিকাশ অর্থ কী? ১

খ. শিশুর শারীরিক বিকাশ বলতে কী বোঝ? ২

গ. সাদিয়া কীভাবে অরিনের আচরণে পরিবর্তন এনেছে ব্যাখ্যা করো। ৩

ঘ. অরিনের বিকাশজনিত সমস্যা কোনটি? এর সমাধানে সাদিয়ার নেওয়া পদৰেপগুলোর যথার্থতা বিশেৰষণ করো। ৪

**প্রশ্ন –৮ ▸** সোহানা ৪র্থ শ্রেণিতে এবং তার বড় ভাই ৭ম শ্রেণিতে পড়ে। সোহানা ও তার বড় ভাইয়ের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। সোহানার মা সন্তানদের সঠিক আচরণ ও নিয়মনীতি শিৰা দেন। তিনি মনে করেন পরিবারই শিশুর প্রাথমিক শিৰা কেন্দ্র।

ক. পরিবারের সদস্যদের মধ্যে কেমন সম্পর্ক থাকা উচিত? ১

খ. শিশুদের আবেগ সম্পর্কে লেখো। ২

গ. সোহানের মায়ের সন্তানদের সঠিক আচরণ ও নিয়মনীতি শিৰা দেওয়ার কারণ বর্ণনা করো। ৩

ঘ. সোহানার মায়ের ধারণাটির সাথে তুমি কি একমত? উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ সমাজের ক্ষুদ্র একক কী?**

**উত্তর :** সমাজের ৰুদ্র একক হলো পরিবার।

**প্রশ্ন ॥ ২ ॥ মা–সন্তানের সম্পর্কের শুরু কী দিয়ে?**

**উত্তর :** মা–সন্তানের সম্পর্কের শুরব শিশুকে দুধ খাওয়ানোর মধ্য দিয়ে।

**প্রশ্ন ॥ ৩ ॥ শিশুর প্রথম শিক্ষক কে?**

**উত্তর :** শিশুর প্রথম শিৰক মা–বাবা এবং পরিবারের সদস্যরা।

**প্রশ্ন ॥ ৪ ॥ শিশুর প্রাথমিক বিদ্যালয় কী?**

**উত্তর :** শিশুর প্রাথমিক বিদ্যালয় হলো পরিবার।

**প্রশ্ন ॥ ৫ ॥ শিশুকে সঠিকভাবে পরিচালনার অন্যতম কৌশল কী?**

**উত্তর :** শিশুকে সঠিকভাবে পরিচালনার অন্যতম কৌশল শিশুর সাথে ইতিবাচক আচরণ করা।

**প্রশ্ন ॥ ৬ ॥ মা–বাবা ও সমবয়সী দল একে অন্যের কী হয়?**

**উত্তর :** মা–বাবা ও সমবয়সী দল একে অন্যের পরিপূরক হয়।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ পরিবার ও সমাজ একে অপরের উপর নির্ভরশীল কেন?**

**উত্তর :** পরিবার শিশুর খাদ্য, বস্ত্র, আরামের চাহিদা মেটায়, নিরাপত্তার অনুভূতি দেয়। শিশুটির এ প্রয়োজন মেটাতে খাদ্যশস্যের জন্য কৃষক, চিকিৎসার জন্য ডাক্তার, এভাবে সমাজের বিভিন্ন পেশার মানুষ পরিবারটির সাহায্যে এগিয়ে আসে। সমাজের এই সহযোগিতা ছাড়া পরিবারের একার পৰে চলা সম্ভব হয় না। এভাবে পরিবার ও সমাজ একে অপরের ওপর নির্ভরশীল।

**প্রশ্ন ॥ ২ ॥ শিশুকে সঠিকভাবে পরিচালনার কৌশল ব্যাখ্যা কর।**

**উত্তর :** শিশুকে সঠিকভাবে পরিচালনার অন্যতম কৌশল হলো শিশুর সাথে ইতিবাচক আচরণ করা। শিশুকে সবসময় এটা করো না, তোমাকে দিয়ে কিছুই হবে না–এ ধরনের নেতিবাচক কথা শিশুর বিকাশে বাধার সৃষ্টি করে। এসো আমরা এ কাজটা করি, তুমি এটা করলে আমরা সবাই তোমাকে অনেক ভালো বলবো– এই ধরনের কথা শিশুর বিকাশের জন্য ইতিবাচক।

**প্রশ্ন ॥ ৩ ॥ কীভাবে শিশুর মধ্যে ভালো ও মন্দ কাজের অভ্যাস তৈরি হয়?**

**উত্তর :** জীবনের প্রথম বছরগুলোতে পরিবার থেকে শিশু যে রকম শিৰা, যত্ন পেয়ে থাকে তার মধ্যে সেরকম আচরণের ভিত্তি তৈরি হয়।

পারিবারিক পরিবেশ থেকে যদি শিশু ভালো কাজের জন্য উৎসাহ পায়, তাহলে সেটা সে তাড়াতাড়ি শেখে এবং যে কাজ করলে সকলে অপছন্দ করে সেটা খারাপ কাজ বলে ধারণা লাভ করে। এভাবেই পরিবার থেকে শিশুদের মধ্যে ভালো এবং মন্দ কাজের অভ্যাস তৈরি হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ শিশুর বিকাশে সমাজের ভূমিকা ব্যাখ্যা কর।**

**উত্তর :** মা–বাবার স্নেহ নির্দেশনা শিশুদের নিরাপত্তার অনুভূতি দেয়, কিন্তু সামাজিক বিভিন্ন দৰতার জন্য সমবয়সীদের সাথে মেলামেশার দরকার হয়। যেমন : একে অন্যকে সাহায্য করা, মতামত ও ধারণা, আদান–প্রদান, কৃতজ্ঞতা প্রকাশ করতে শেখা ইত্যাদি। তারা বিভিন্ন বিপজ্জনক পরিস্থিতিতে একে অন্যকে সাহায্য করে থাকে। দলীয় খেলায় শিশুদের ভাষার বিকাশে দৰতা আসে, তাদের সিদ্ধান্ত গ্রহণের ৰমতা হয়, তারা নেতৃত্বের গুণাবলি অর্জন করে।